

স্মারক নম্বর : ০৫.৪৪.৪১৪৭.০০০.০৫.০৩.২৩.৭৪

তারিখ: ০৮ মাঘ ১৪৩০
১৮ জানুয়ারি ২০২৪

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

যশোর জেলাধীন সদর উপজেলায় নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদে সরাসরি নিয়োগের মাধ্যমে গ্রাম পুলিশ (মহল্লাদার) শূণ্য পদে নিয়োগ করা হবে:

ক্র: নং	ইউনিয়ন পরিষদের নাম	শূণ্য পদের সংখ্যা		ওয়ার্ড নম্বর	মন্তব্য
		দফাদার	মহল্লাদার		
১	নওয়াপাড়া	-	১	৬	-
২	কাশিমপুর	-	১	৫	-
৩	আরবপুর	-	১	১	-
৪	চাঁচড়া	-	১	৪	-
৫	রামনগর	-	১	৪	-
৬	কচুয়া	-	২	৫ ও ৮	-
৭	নরেন্দ্রপুর	-	১	৯	-

প্রার্থীর প্রয়োজনীয় যোগ্যতা :

পদের নাম	বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা	শারীরিক যোগ্যতা	বেতনক্রম ও প্রচলিত ভাতাদি
মহল্লাদার	অনুর্ধ্ব ৩০ বছর তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য (মুক্তিযোদ্ধা প্রমাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী)।	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি বুকের মাপ: ৩০ ইঞ্চি (ষাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) সর্ব নিম্ন ওজন: ৫০ কেজি মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট বুকের মাপ ২৮ ইঞ্চি (ষাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন-৪৫ কেজি	-এ-

নিয়োগের শর্তাবলী

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং যশোর সদর উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের এবং ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার যশোর সদর, যশোর এর বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদন পত্র আগামী ২১ জানুয়ারি ২০২৪ তারিখ থেকে ০৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। ধার্য তারিখের পরের আবেদন বাতিল বলে গণ্য হবে।

বিঃদ্রঃ ০১ ডিসেম্বর ২০২৩ তারিখে 'দৈনিক গ্রামের কাগজ ও বণিক বাতী' প্রতিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

৩। আবেদনপত্রে নিম্নোক্ত তথ্য উল্লেখ করতে হবে:

- প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজি) :
- পিতার নাম/ স্বামীর নাম :
- মাতার নাম :
- স্থায়ী ঠিকানা :
- বর্তমান ঠিকানা :
- নিজ নিউনিয়ন :

চলমান পাতা-০২

ছ) ওয়ার্ড নং :

জ) জন্ম তারিখ :

ঝ) জাতীয় পরিচয় পত্র / জন্ম সনদ নং :

ঞ) জাতীয়তা :

ট) শিক্ষাগত যোগ্যতা :

ঠ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গীন ছবি :

ড) অভিজ্ঞতা (যদি থাকে) :

ঢ) বিশেষ কোটার প্রার্থী হতে কোটার নাম(প্রযোজ্য ক্ষেত্রে) :

৪। আবেদনকারীকে সং, কর্মঠ ও পরিশ্রমী হতে হবে। তার বিরুদ্ধে কোন ফৌজদারী মামলা বা দেওয়ানী মামলা পারবে না। চাকুরী পাওয়ার পর মামলা সংক্রান্ত কোন সংশ্লিষ্টতা পাওয়া গেলে চাকুরী থেকে বরখাস্ত করা হবে। তথ্য গোপনের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

৫। সরকারি বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে।

৬। সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর এর অনুকূলে আবেদনকারীকে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযুক্ত করতে হবে।

৭। প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম সনদ, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদের বয়স একই হতে হবে। ভুল/বিশ্রান্তিকর তথ্যের জন্য আবেদনপত্র বাতিল করা হবে।

৯। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়। আবেদনকারীর বয়স ৩০ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) বছর শিথিলযোগ্য।

১০। নিয়োগ পরীক্ষায় বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, যশোর এর চারিত্রিক সদাচরণ সনদপত্র গ্রহন করতে হবে।

১১। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ টাকার টিকিটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর কোটার নামসহ প্রযোজ্য ক্ষেত্রে পদের নাম লিখতে হবে।

১২। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, ইউনিয়নের নাম, ও ওয়ার্ড নম্বর লিখতে হবে।

১৩। তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্রই কোন কারণ দর্শনো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৪। আবেদনকারী যোগ্য বিবেচিত হওয়ার জন্য বা চাকুরী পাওয়ার জন্য অবৈধ লেনদেন দস্তনীয় অপরাধ। এরূপ ক্ষেত্রে প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবে।

১৫। আবেদনপত্র গ্রহন ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

১৬। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

(রিপন বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিস
যশোর সদর, যশোর।
ফোন : ০২৪৭৭৭৬২৪৩২
ই-মেইল : unojessore@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, যশোর।

২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর সদর, যশোর।

২। অফিসার ইনচার্জ, কোতয়ালী মডেল থানা, যশোর।

৩। উপজেলা প্রকৌশলী, যশোর সদর, যশোর।

৪। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, যশোর সদর, যশোর।

৫। উপজেলা..... অফিসার, যশোর সদর, যশোর।

৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, যশোর সদর, যশোর। তাকে তার ইউনিয়ন পরিষদে নোটিশ বোর্ড, ইউনিয়ন ওয়েব পোর্টালে এবং ইউনিয়নের হাট-বাজার ও গুরুত্বপূর্ণ স্থানে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৭। সহকারী প্রোগ্রামার, যশোর সদর, যশোর। বিজ্ঞপ্তিটি উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৮। নোটিশ বোর্ড।